**পল্লী সঞ্চয় ব্যাংক**
**(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)**
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, (লেভেল: ০৭-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা- ১০০০
www.pallisanchaybank.gov.bd

তারিখ- ১৮/০৮/২০২৬ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর: পসব্য/প্রকা/ব্যব-পরি-দপ্তর/প্রশা-০১/১৫

সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়: পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তি প্রসঙ্গে।**

জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী স্থায়ী কর্মচারী হিসেবে একই পদে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকরি সম্পন্ন করায় ১১তম বছরে ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তির লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের নিকট হতে একাধিক আবেদন পাওয়া গেছে।

পরিচালনা পর্ষদের ৩৭তম সভায় অনুমোদিত প্রশাসনিক, আর্থিক ও ঋণ মঞ্জুরির ক্ষমতা অর্পণ নীতিমালায় সুনির্দিষ্ট নির্দেশনা না থাকায় পরিচালনা পর্ষদের অনুমোদন ব্যতীত ব্যবস্থাপনা কর্তৃপক্ষের এককভাবে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার নেই। একইভাবে, পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত কোনো সিদ্ধান্ত ব্যবস্থাপনা কর্তৃপক্ষের একক সিদ্ধান্তে পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জনেরও সুযোগ নেই। এ পরিপ্রেক্ষিতে, পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের ১ম উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে পরিচালনা পর্ষদের সদয় সিদ্ধান্তের জন্য ইতোমধ্যে একটি মেমো উপস্থাপন করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত বিষয়ে পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত প্রাপ্তিসাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

১৮/০৮/২০২৬
**(সালমা বানু)**
ব্যবস্থাপনা পরিচালক